অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/14/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল EXTREME HEAT EQUIPMENT CREDIT শুরুর ঘোষণা করলেন

পাইলট প্রোগ্রামটি যোগ্য ছোট ব্যবসাগুলিকে তাদের কর্মীদের প্রচণ্ড গরমের প্রভাব থেকে সুরক্ষিত রাখার ব্যাপারে সমর্থন করবে

NYSIF-এর 2024 রিপোর্টে তুলে ধরা প্রচণ্ড গরম এবং কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তার মধ্যে সম্পর্ক সমাধান করতে ক্রেডিট সাহায্য করে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে নিউ ইয়র্ক স্টেট ইন্স্যুরেন্স ফান্ডের (New York State Insurance Fund, NYSIF) নতুন Extreme Heat Equipment Credit শুরু করার ঘোষণা করেছেন। ক্রেডিটটি ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (personal protective equipment, PPE) এবং গরমে কাজ করার প্রভাব সবথেকে কম করার জন্য তৈরি করা সাপ্লাই কেনার মাধ্যমে নিজেদের কর্মীদের সুরক্ষা দেওয়ার জন্য যোগ্য ছোট ব্যবসাগুলিকে সাহায্য করবে।

"চরম আবহাওয়ার ঘটনা দুর্ভাগ্যজনকভাবে আমাদের নতুন স্বাভাবিক অবস্থা হয়ে গেছে, এবং নিউ ইয়র্কে (New York) আমরা পুরো স্টেটে আমাদের ছোট ব্যবসা এবং কর্মীদের সাহায্য করার রিসোর্সকে অগ্রাধিকার দিচ্ছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "গরমের কারণে হওয়া অসুস্থতার ঘটনায় প্রয়োজনীয় বেনিফিটের অ্যাক্সেস পাওয়া পুরো স্টেটে আমাদের পরিশ্রমী কর্মীদের প্রাপ্য, বিশেষ করে যারা ঘরের বাইরে লম্বা সময় ধরে কাজ করেন।"

2024 রেকর্ডের মধ্যে সবথেকে গরম বছর, এবং 2015-24 সালের মধ্যে প্রত্যেক বছর রেকর্ডের সবথেকে গ্রাম 10 বছরের মধ্যে আছে, তাপমাত্রা বেড়ে যাওয়া অনেক ইন্ডাস্ট্রির জন্য একটি সঙ্কটপূর্ণ অকুপেশনাল হ্যাজার্ড হয়ে গেছে। প্রচণ্ড গরমের ফলে গরমের কারণে হওয়া অসুস্থতা হতে পারে যেমন হিট স্ট্রোক এবং গরমের ক্লান্তি এবং এর ফলে অ্যাজমা, কিডনির রোগ, বা হৃদরোগের মতো আগে থেকে থাকা অসুখ বেড়ে যেতে পারে। চরম তাপের মধ্যে থাকার কারণে কগনিটিভ এবং মোটর ফাংশনও ক্ষতিগ্রস্ত হতে পারে, যা চাকরিতে থাকার সময় দুর্ঘটনার ঝুঁকি বাড়িয়ে দেয়।

NYSIF-এর Extreme Heat Equipment Credit ম্যানুফ্যাকচারিং, গুদামজাত করা, কাঠমিস্ত্রির কাজ, ল্যান্ডস্কেপিং, কৃষিকাজের ছোট ব্যবসাকে দেওয়া হবে যাদের 10 জন পর্যন্ত কর্মচারী আছে; এগুলি এমন ইন্ডাস্ট্রি যেখানে কর্মীদেরকে প্রায়ই প্রচণ্ড তাপমাত্রার মধ্যে কাজ করতে

হয়। এই ব্যবসাগুলি 1,000 মার্কিন ডলার পর্যন্ত এককালীন ক্রেডিট বা তাদের বার্ষিক কর্মীদের ক্ষতিপূরণের প্রিমিয়ামের 10 শতাংশের মধ্যে যেটি কম হবে তা পেতে পারে, যা প্রচণ্ড গরমের প্রভাব থেকে কর্মীদের রক্ষা করার জন্য তৈরি PPE কেনার জন্য ব্যবহার করতে হবে।

আজকের উদ্যোগটি হলো কর্মীদের নিরাপত্তার প্রচার করা এবং জলবায়ু পরিবর্তনের প্রভাবের মোকাবেলা করতে NYSIF-এর সর্বশেষ প্রতিশ্রুতি। NYSIF সম্প্রতি বাড়তি হেলথ কেয়ার সেবা প্রদানকারীদের জন্য এবং একই সাথে মেডিকেল সাপ্লাই চেইনে জড়িত এনটিটিগুলির জন্য Climate Action Premium Credit বাড়িয়ে দিয়েছে। প্রোগ্রামটি জলবায়ু পদক্ষেপের পরিকল্পনা ও বাস্তবায়নের জন্য আর্থিক ইন্সেন্টিভ এবং টেকনিক্যাল সমর্থন দিয়ে থাকে।

NYSIF-এর Extreme Heat Equipment Credit প্রোগ্রামের অধীনে যা কেনা যাবে তার মধ্যে আছে ফ্যান, ভেন্টিলেশন ব্যবস্থা, কুলিং ভেস্ট, ভেন্টিলেটেড হার্ড হ্যাট, UV-প্রতিরোধক নিরাপত্তা চশমা, এবং কুলিং তোয়ালে, কিন্তু তা এতে সীমিত থাকবে না। NYSIF-এর যোগ্য পলিসিহোল্ডাররা NYSIF-এর ওয়েবসাইটে nysif.com/ppe-এ ক্রেডিটের জন্য আবেদন করতে পারবেন।

নিউ ইয়র্ক স্টেট ইন্স্যুরেন্স ফান্ডের এক্সিকিউটিভ ডিরেক্টর এবং CEO Gaurav Vasisht (গৌরব ভাশিষ্ট) বলেন, "প্রচণ্ড গরম আরো ঘনঘন এবং আরো মারাত্মক হয়ে উঠছে, তাই ঝুঁকি সবথেকে কম করতে কর্মীদের সুরক্ষা সরঞ্জাম এবং নিরাপত্তা জিয়ার দেওয়া চাকরিদাতাদের জন্য অতি গুরুত্বপূর্ণ। প্রোগ্রামটি তৈরি করা হয়েছে এমন ছোট ব্যবসাগুলির জন্য, যাদের কাছে হয়তো তাদের বড় প্রতিযোগীদের মতো কর্মীদেরকে সবথেকে চাহিদাসম্পন্ন এবং তীব্র গরমের কাজের পরিবেশে নিরাপদ ও উৎপাদনশীল রাখতে সাহায্য করার মতো রিসোর্স নেই।"

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার Richard A. Ball (রিচার্ড এ বল) বলেন, "নিউ ইয়র্কে আমরা প্রচণ্ড গরম বাড়তে দেখছি, এই সময় প্রস্তুতি, যোগাযোগ এবং অন্যান্য সতর্কতা জীবন বাঁচাতে পারে। নিজেদের স্থিতিশীলতা জোরদার করতে এবং তাদের কর্মীরা, যারা মূলত ঘরের বাড়িয়ে কাজ করে, তাদের নিরাপদ রাখতে কৃষকদের প্রচুর পরিমাণে রিসোর্স দিতে কাজ করতে থাকা আমাদের জন্য অতি গুরুত্বপূর্ণ। NYSIF-এ আমাদের পার্টনারদের নেওয়া এই উদ্যোগটি হলো গরমে নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখার জন্য একটি দুর্দান্ত পদক্ষেপ, এবং যোগ্য সকল ব্যবসাকে আবেদন করার জন্য আমি উৎসাহিত করছি।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (Department of Environmental Conservation, DEC) কমিশনার Amanda Lefton (আমান্ডা লেফটন) বলেন, "জলবায়ু সঙ্কটের ফলে হওয়া প্রচণ্ড গরমের সমাধান করতে এবং একই সাথে আমাদের কমিউনিটিগুলিকে নিরাপদ ও স্বাস্থ্যবান থাকতে সাহায্য করার পদক্ষেপ সনাক্ত করতে DEC এবং আমাদের স্টেট ও স্থায়ী পার্টনাররা প্রতিশ্রুতিবদ্ধ। গভর্নর Hochul-এর (হোকল) নির্দেশ অনুযায়ী DEC আমাদের এজেন্সি পার্টনারদের নিয়ে প্রচণ্ড গরমের সমাধানে সাহায্য করার জন্য কৌশল ও সমাধান উভয় অগ্রসর করার মাধ্যমে এক্সট্রিম হিট অ্যাকশন প্ল্যান (Extreme Heat Action Plan) বাস্তবায়ন করতে কাজ করছে। NYSIF-এর Extreme Heat Equipment Credit

পুরো স্টেটের ছোট ব্যবসাগুলিকে নিজেদের কর্মীদের, বিশেষ করে যাদের প্রায়ই প্রচণ্ড তাপমাত্রার মধ্যে কাজ করতে হয়, তাদেরকে প্রচণ্ড গরম ও চরম আবহাওয়া থেকে সুরক্ষিত রাখতে সাহায্য করার মাধ্যমে এইসব চেষ্টাকে সমর্থন করে।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথের (Department of Health) কমিশনার Dr. James McDonald (ডাঃ জেমস ম্যাকডোনাল্ড) বলেন, "প্রচণ্ড গরমের কারণে জীবনের ঝুঁকি হতে পারে, এমনকি স্বাস্থ্যবান ব্যক্তিদের জন্যও এবং বিশেষ করে তাদের জন্য যাদের আগে থেকেই অ্যাজমার মতো রোগ আছে। এই প্রোগ্রামটি নিশ্চিত করতে সাহায্য করতে পারবে যাতে ছোট ব্যবসাগুলি বছরের সবথেকে গরম মাসগুলিতে নিজেদের কর্মীদের জন্য একটি নিরাপদ পরিবেশকে সমর্থন করতে পারে।"

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ লেবারের (Department of Labor) কমিশনার Roberta Reardon (রবার্টা রিয়ারডন) বলেন, "বাড়তে থাকা তাপমাত্রা বিপজ্জনক এবং এমনকি প্রাণঘাতীও হতে পারে, বিশেষ করে তাদের জন্য যারা ঘরের বাইরে কাজ করেন। নিজেদের কর্মীদের তাপের এক্সপোজারের প্রভাব সবথেকে কম করার জন্য ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম ও সাপ্লাই কেনার জন্য নতুন Extreme Heat Equipment Credit-কে কাজে লাগানোর জন্য আমি যোগ্য ছোট ব্যবসাগুলিকে উৎসাহিত করছি। আমাদেরকে অবশ্যই কর্মীদের নিরাপদ রাখতে হবে এবং একই সাথে নিউ ইয়র্ককে বসবাস ও কাজ করার জন্য আরো স্বাস্থ্যকর, আরো নিরাপদ স্থান করে তুলতে হবে। এছাড়াও নিজেদের কর্মীদের কীভাবে সুরক্ষিত রাখতে হবে তা আরো ভালোভাবে বোঝার জন্য আমাদের এক্সট্রিম হিট গাইডেন্স (Extreme Heat Guidance) রিভিউ করার কথা আমি সকল চাকরিদাতাকে মনে করিয়ে দিচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি অ্যান্ড রিসার্চ ডেভেলপমেন্ট অথোরিটির (New York State Energy Research and Development Authority) প্রেসিডেন্ট এবং CEO Doreen M. Harris (ডোরিন এম হ্যারিস) বলেন, "প্রচণ্ড গরমের সময় কর্মীদের কাছে যথাযথ সুরক্ষা গিয়ার এবং সাপ্লাইয়ের অ্যাক্সেস থাকা নিশ্চিত করা হলো তাদের স্বাস্থ্য এবং একটি নিরাপদ কাজের পরিবেশের জন্য অতি প্রয়োজনীয়। এই ইক্যুইপমেন্ট ক্রেডিট দেওয়ার জন্য আমি নিউ ইয়র্ক স্টেট ইন্স্যুরেন্স ফান্ডের প্রশংসা করছি, এটি হলো এক্সপোজার কমানোর জন্য এবং অনেক লম্বা সময় ধরে তাপমাত্রা বিপজ্জনকভাবে বেশি থাকার ঝুঁকি সবথেকে কম করার জন্য হাতে থাকা অনেক রিসোর্সের মধ্যে একটি।"

নিউ ইয়র্ক স্টেট ওয়ার্কার্স কম্পেন্সেশন বোর্ডের (Workers' Compensation Board) Clarissa M. Rodriguez (ক্লারিসা এম রড্রিগেজ) বলেন, "কর্মীদের প্রচণ্ড গরমের বিপদ থেকে রক্ষা করা সঠিক কাজ এবং এটি ব্যবসার জন্য সবসময় ভালো। ছোট ব্যবসা এবং তাদের জন্য কাজ করা কর্মী উভয়কে সাহায্য করে এমন একটি প্রোগ্রাম তৈরি করার জন্য আমি NYSIF-এর প্রশংসা করছি।"

Business Council of New York State-এর প্রেসিডেন্ট এবং CEO Heather Mulligan (হেদার মালিগান) বলেন, "ফেডারেল আইন অনুযায়ী সকল চাকরিদাতাকে অবশ্যই এমন একটি কাজের পরিবেশ তৈরি করতে হবে যা মারাত্মক আঘাত বা অসুস্থতা তৈরি করতে পারে

এমন স্বীকৃত বিপদমুক্ত হবে। নিউ ইয়র্কের চাকরিদাতা এইসব বিপদ, যেমন প্রচণ্ড তাপমাত্রার এক্সপোজার থেকে কর্মীদের সুরক্ষা দেওয়ার ক্ষেত্রে নেতৃত্ব দিবেন। নিউ ইয়র্ক স্টেট ইন্স্যুরেন্স ফান্ডের Extreme Heat Equipment Credit দেওয়ার মাধ্যমে NYSIF এই চেষ্টায় নিউ ইয়র্কের চাকরিদাতাদের সমর্থন করার প্রতিশ্রুতি জোরদার করছে। নিজেদের ছোট ব্যবসায় আবার বিনিয়োগ করতে এই ক্রেডিটকে কাজে লাগানোর জন্য আমরা সকল যোগ্য ব্যবসাকে উৎসাহিত করছি।"

স্টেটের সিনেটর Sean Ryan (শন রায়ান) বলেন, "নিউ ইয়র্ক স্টেটের আইনসভায় আমরা সবসময় আমাদের স্টেটের অর্থনীতিকে চালিত করা ছোট ব্যবসাগুলিকে সমর্থন করার নতুন, সৃজনশীল উপায় খুঁজে থাকি। তাপমাত্রা বেড়ে চলেছে, তাই আমাদেরকে নিশ্চিত করতে হবে যাতে ঝুঁকিপূর্ণ ক্ষেত্রে ছোট ব্যবসায় চাকরি করা ব্যক্তিরা নিরাপদ এবং স্বাস্থ্যকর পরিবেশে কাজ করতে পারে। কর্মীদের সুরক্ষা দেওয়া এবং পুরো স্টেটের ছোট ব্যবসায় বিনিয়োগ করার এই পরিকল্পনাকে সমর্থন করার জন্য আমি NYSIF এবং গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলির সদস্য Al Stirpe (অ্যাল স্টির্পে) বলেন, "তাপমাত্রা যেহেতু বেড়ে চলেছে তাই আমাদের কর্মীদের অগ্রাধিকার দেওয়া একটি প্রয়োজন। এই Extreme Heat Equipment Credit নিশ্চিত করবে যাতে তাপের কারণে সবথেকে ঝুঁকিগ্রস্ত ইন্ডাস্ট্রিগুলির কর্মীরা কাজ করার সময় নিরাপদ ও স্বাস্থ্যকর থাকতে পারে। এর ফলে চাকরিতে থাকার সময় দুর্ঘটনা এবং লম্বা সময়ের স্বাস্থ্যের প্রভাবের ঝুঁকিতে থাকা কর্মীর সংখ্যা কমবে, এবং পাশাপাশি ছোট ব্যবসাগুলিকেও এমন রিসোর্স দেওয়া হবে যা প্রচণ্ড গরমের সময় অপারেশন চালিয়ে যেতে তাদের প্রয়োজন। জলবায়ু পরিবর্তনের ঝুঁকি বাড়তে থাকলেও, নিউ ইয়র্ক স্টেট আমাদের কর্মীদের জীবিকা ও সুস্থতাকে রক্ষা করতে প্রতিশ্রুতিবদ্ধ আছে।"

অ্যাসেম্বলির সদস্য Marianne Buttenschon (ম্যারিয়ান বাটেনস্কন) বলেন, "আমাদের ছোট ব্যবসাগুলি কষ্ট করে চলেছে। এক্সট্রিম হিট ট্যাক্স ক্রেডিট প্রোগ্রামটি আমাদের ছোট ব্যবসাগুলিকে সাহায্য করবে। আমাদের ছোট ব্যবসা এবং একই সাথে সেখানে যারা কাজ করছে তাদের সমর্থন করতে এই উদ্যোগটি নেওয়ার জন্য আমি গভর্নরের প্রশংসা করছি।"

NYSIF সম্বন্ধে
NYSIF হলো নিউ ইয়র্ক স্টেটের সবথেকে বড় কর্মীদের ক্ষতিপূরণের ইন্স্যুরেন্স প্রদানকারী এবং দেশের সবথেকে বড় দশটির মধ্যে একটি। NYSIF-এর আওতায় নিউ ইয়র্ক স্টেটের 2 মিলিয়ন কর্মী আছে এবং 200,000 চাকরিদাতাকে ইন্স্যুরেন্স দিয়ে থাকে। NYSIF এর লক্ষ্য হলো ঋণশোধে সক্ষম তহবিল বজায় রাখার সময় নিউ ইয়র্কের নিয়োগকর্তাদের সর্বনিম্ন সম্ভাব্য ব্যয়ে শ্রমিকদের ক্ষতিপূরণ, অক্ষমতা বীমা এবং বেতনভুক্ত পারিবারিক ছুটির প্রাপ্যতার গ্যারান্টি দেওয়া। 110 বছর আগে শুরু হওয়ার পর থেকে NYSIF একটি ন্যায্য বাজার নিশ্চিত করতে অন্যান্য ইন্স্যুরেন্স ক্যারিয়ারের সাথে প্রতিযোগিতা করে এবং একই সাথে অন্য কোথাও কভারেজ নিশ্চিত করতে পারেনি এমন চাকরিদাতাদের জন্য কভারেজের একটি নিশ্চিত উৎস হিসেবে কাজ করে এর মিশন পূরণ করে চলেছে। NYSIF আহত শ্রমিকদের জন্য সর্বোত্তম স্বাস্থ্য

ফলাফল অর্জন এবং নিউ ইয়র্ক নিয়োগকর্তাদের জন্য দাম, গুণমান এবং পরিষেবাতে শিল্পের নেতা হওয়ার চেষ্টা করে। আরো তথ্যের জন্য, ভিজিট করুন nysif.com।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন